শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে

গিদিয়নের ছোট্ট সৈন্যদল

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Janie Forest

অভিযোজন: Ruth Klassen

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2016 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

যিহোশূয় মারা যাবার পর, ...

... সমস্ত ইস্রায়েলীয়রা ঈশ্বরের অবাধ্য হয়েছিল এবং তারা তাদের জীবন থেকে ঈশ্বরকে দূর করেছিল। ঈশ্বর প্রতিবাসী মিদিয়নীয়নদের, ...

... ইস্রায়েলীয়দের শস্য ও ঘরবাড়ি পুড়িয়ে দিতে দিলেন। ইস্রায়েলীয়রা বাধ্য হয়ে

গুহায় বাস করতে লাগল।

একজন ইস্রায়েলীয় গিদিয়ন, যার গম চাষ করার জন্য একটি গোপন জায়গা ছিল।

সে একটা বড়ো গাছের তলায় শস্য ভাঙ্গত। মিদিয়নরা জায়গাটা জানত না,

কিন্তু ঈশ্বর জানতেন।

ঈশ্বর গিদিয়নের জন্য বার্তা দিয়ে এক স্বর্গদূত পাঠালেন।

ঈশ্বর, গিদিয়নের পিতার মিথ্যা দেবতাগুলো ধ্বংস করতে চাইছিলেন এবং সত্য ঈশ্বরের একটি বেদি প্রস্তুত করতে চাইছিলেন। যদিও গিদিয়ন ভীত ছিলেন যে, তার দেশের লোকেরা তাকে হত্যা করবে। কিন্তু ঈশ্বর তাকে যা করতে আদেশ করেছিলেন, সে তাই করল।

ঈশ্বর এও চাইছিলেন যে, গিদিয়ন
দুষ্ট মিদিয়নদের বিরুদ্ধে আক্রমণ করুক
ও ইস্রায়েল সৈন্যদের নেতৃত্ব দিক। কিন্তু
গিদিয়ন ভীত ছিলেন।



তিনি ঈশ্বরের কাছে এক বিশেষ চিহ্ন চাইল, যাতে তিনি বোঝেন যে, ঈশ্বর তার সহবর্তী ছিলেন। তারপর তিনি একটি পশমপূর্ণ ভেড়ার চামড়া



গিদিয়ন প্রার্থনা করল, ...

... “যদি ঐ
পশমের উপর
কুয়াশা
পড়ে
এবং এর
চারিদিকে
শুকনো থাকে,
তাহলে আমি জানব যে,
আমার হাতের দ্বারা তুমি
ইস্রায়েলকে রক্ষা করবে”।

সকালবেলায় মাটি শুকনো ছিল, কিন্তু পশমের চামড়াটা যথেষ্ট ভেজা ছিল!

গিদিয়ন তবুও সন্দেহ করল। এখন সে চাইল ঈশ্বর কুয়াশা পাঠিয়ে সমস্ত মাটি ভরিয়ে দিক, কিন্তু ঐ পশমের চামড়া নয়।

পরদিন সকালে মাটি ভেজা ছিল, কিন্তু পশমের চামড়াটা শুকনো ছিল।

গিদিয়ন বত্রিশ হাজার লোক নিয়ে সৈন্যদল শুরু করেছিল। ঈশ্বর কেটেকুটে তিনশো লোক করতে বললেন।



ঈশ্বর চাইতেন না যে, ইস্রায়েল বলুক “আমাদের নিজেদের হাতে আমরা রক্ষা পেয়েছি”। ঈশ্বরই একমাত্র ইস্রায়েলের মুক্তিদাতা।



এসব জানা সত্ত্বেও গিদিয়ন ভীত ছিলেন। ঈশ্বর তাকে গোপনে, এক মিদিয়ন সৈন্য, অন্য আর এক সৈন্যকে তার অদ্ভুত স্বপ্ন বলার কথা শুনতে দিলেন।



ঐ স্বপ্নের মধ্যে একটি রুটি গড়াতে গড়াতে মিদিয়নের তাম্বুতে ধাক্কা মারে এবং তা ধ্বংস করে।



অন্য রক্ষীটা ভয়গ্রস্ত ছিল। সে কাঁদতে লাগল, “এটা গিদিয়নের তরবারি”। যখন গিদিয়ন এই স্বপ্নের কথা ও মানে শুনল, সে জানতে পারল যে, ঈশ্বর তাকে বিজয়ী করতে চলেছেন।



গিদিয়ন রাতে আক্রমণ করার পরিকল্পনা করল। সে প্রতিটা সৈন্যকে একটা করে ডঙ্কা ও একটা খালি কলসীর মধ্যে মশাল দিল।

গিদিয়নের ইশারায় সৈন্যরা ডঙ্কা বাজাতে লাগল। কলসী ভেঙ্গে ফেলে মশাল জ্বালালে, কি শব্দ! কি ভ্রম! ভীত মিদিয়নরা উঠে পালাতে লাগল।



এই মহান বিজয়ের পর, ইস্রায়েল লোকেরা গিদিয়নকে তাদের উপর শাসন করতে বলল।



গিদিয়ন উত্তর দিল, “আমি তোমাদের উপর শাসন করব না। ঈশ্বরই তোমাদের উপর শাসন করকু”।



সে জানত মানুষের জীবনকে শাসন করার অধিকার একমাত্র ঈশ্বরের আছে।

গিদিয়নের ছোট্ট সৈন্যদল

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

বিচারকর্তৃগণ ৬-৮

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্ড়ি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্ড়িস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্ড়রে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্ড়কাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!

যোহন ৩:১৬